# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 JULY 2025** **7:45—7:55 PM IST**

==============================================================

১) দেশের ১০টি শ্রমিক সংগঠনের যৌথ মঞ্চ আহুত ভারত বন্ধের আসামে আংশিক প্রভাব ।

২) বরাক উপত্যকার তিন জেলাতেও এই বন্ধের মিশ্র প্রভার , বন্ধের সময় উপত্যকার কোন স্থান থেকেই কোন ধরণের অপ্রীতিকর ঘটনার খবর নেই ।

৩) আসাম সরকারের প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের নিম্ন প্রাথমিক ও উচ্চ প্রাথমিকের ৫ হাজার ৫শো ৫০টি পদের জন্য অনুষ্ঠিত প্রথম ও দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষায় বরাক উপত্যকার অনুপস্থিত থাকা প্রার্থীদের জন্য আগামী ১১ ও ১২ জুলাই পুনরায় নথি পরীক্ষার ব্যবস্থা ।

এবং

৪) পঞ্চদশ অর্থ কমিশনের পরামর্শ অনুসারে কেন্দ্রীয় সরকারের ২০২৫ - ২৬ অর্থ বছরের জন্য আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির জন্য ২ হাজার ১শো ১৫ কোটি টাকার অনুদান ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার সম্প্রতি শ্রমিক ও কৃষক বিরোধী নীতি গ্রহণ করেছে বলে অভিযোগ করে দেশের ১০টি শ্রমিক সংগঠনের যৌথ মঞ্চ আহুত ভারত বন্ধের মিশ্র প্রভাব আসামেও পরিলক্ষিত হয় । আমাদের বিভিন্ন জেলার সংবাদদাতারা জানিয়েছেন যে বন্ধের ফলে উত্তর গৌহাটির রন্ধন গ্যাসের বটলিং প্লান্ট , দুলীয়াজানের ওয়েল ইন্ডিয়ার অধীন তৈল প্রতিষ্ঠান সমূহ , নাজিরার তেল ও প্রাকৃতিক গ্যাস নিগমের মুখ্য কার্যালয় সহ বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান ও কারখানার স্বাভাবিক কাজ-কর্ম ব্যাহত হয় । নুমলীগড়

শোধনাগারের কাজ-কর্মও আজ বন্ধের ফলে প্রভাবিত হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । গৌহাটি মহানগরীতে আজ ব্যাক্তিগত খন্ডের সিটি বাস এবং দূরপাল্লার বাসগুলি বন্ধ ছিল । তবে আসাম রাজ্যিক পরিবহণ নিগমের অধীন গ্রীন বাস সেবা এবং ছোট ছোট বাণিজ্যিক যানবাহন সমূহ চলাচল করেছে ।

বরাক উপত্যকার তিন জেলাতেও আজ এই বন্ধের মিশ্র প্রভাব পরিলক্ষিত হয় । ৪টি শ্রমিক কোড বাতিল এবং সরকারী প্রতিষ্ঠানগুলির বেসরকারীকরণ রোধ করা সহ মোট ১৭ দফা দাবীর সমর্থনে শিলচরের শ্রমিক সংগঠনগুলিও আজ এই ১২ ঘন্টাব্যাপী ধর্মঘটে সামিল হয় । তবে কাছাড় জেলার গ্রামাঞ্চলে এই ধর্মঘটের প্রভাব পরিলক্ষিত হলেও শহর শিলচরে বন্ধের মিশ্র প্রভাব পড়েছিল । বন্ধের সমর্থনে আজ শিলচরের ক্ষুদিরাম মূর্তীর পাদদেশে বিভিন্ন শ্রমিক সংগঠনের সদস্যরা সড়ক অবরোধ করলে বিশাল সংখ্যক পুলিশ বাহিনী সেখানে উপস্থিত হয়ে ওই পিকেটারদের আটক করে অস্থায়ী কারাগারে প্রেরণ করে । প্রতিবাদ কার্যসূচিতে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ বি জে পি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার শ্রমিক বিরোধী এবং জন বিরোধী নীতি গ্রহণ করেছে বলে অভিযোগ উত্থাপন করে এর তীব্র সমালোচনা করেন ।

শ্রীভূমি জেলায়ও এই বন্ধের মিশ্র প্রভাব পড়ে । সকাল থেকে জেলার বহু ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ ছিল ফলে জনজীবনেও এর প্রভাব পরিলক্ষিত হয় । আজ সকাল থেকেই বন্ধের সমর্থনে পিকেটারদের জেলার এ এস টি সি কার্যালয় সংলগ্ন এলাকায় প্রতিবাদ কার্যসূচি ও সড়ক অবরোধ কার্যসূচিতে সামিল হতে দেখা যায় । সরকারী কার্যালয়গুলিতেও উপস্থিতির হার কম ছিল । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে বন্ধের সময় কোন ধরণের কোন অপ্রীতিকর ঘটানার খবর পাওয়া যায়নি ।

হাইলাকান্দি জেলাতেও আজ এই বন্ধের মিশ্র প্রভাব পরিলক্ষিত হয়েছে । হাইলাকান্দি শহরে এই বন্ধের তেমন কোন প্রভাব পড়ে নি তবে পাঁচগ্রাম এলাকায় বন্ধের প্রভাব পরিলক্ষিত হয়েছে । জেলার কোন স্থান থেকে কোন ধরণের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায় নি ।

এস ইউ সি আই ( কমিউনিষ্ট ) দলের সদস্যরাও আজ এই ধর্মঘটের সমর্থনে শিলচর শহরের বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের সামনে বিক্ষোভ প্রদর্শন করে পরে জেলা আয়ুক্তের কার্যালয় থেকে মিছিল করে শহিদ ক্ষুদিরাম মূর্তীর পাদদেশে এসে সড়ক অবোরোধ করে । পুলিশ সেখান থেকে পিকেটারদের গ্রেপ্তার করে প্রথমে শিলচর সদর থানায় নিয়ে যায় এবং পরে তাদের শিলংপট্টি ছোটলাল শেঠ স্কুলে স্থানান্তরিত করে ।

---------------------------------------------------------------------------

আসাম সরকারের প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় নিম্ন প্রাথমিক ও উচ্চ প্রাথমিকের ৫ হাজার ৫শো ৫০টি পদের জন্য অনুষ্ঠিত প্রথম ও দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষায় অনুপস্থিত থাকা প্রার্থীদের পুনরায় নথি পরীক্ষার ব্যবস্থা করেছে । এই সম্পর্কে প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতির জারী করা নির্দেশনা অনুসারে দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষায় বরাক উপত্যকার যেসব প্রার্থী উপস্থিত হতে পারেন নি আগামী ১১ ও ১২ই

জুলাই তাদের জন্য পুনরায় নথি পরীক্ষা অনুষ্ঠিত হবে । অনুরূপভাবে , ২০ মার্চ থেকে ১১ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত প্রথম পর্যায়ের নথি পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীদের জন্য আগামী ১৪ জুলাই পুনরায় নথি পরীক্ষা অনুষ্ঠিত হবে । সঞ্চালকালয় সব প্রার্থীদের নির্ধারিত দিনে খানাপাড়া আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের অতিথিশালায় অনুষ্ঠেয় এই নথি পরীক্ষায় উপস্থিত থাকার নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা শিক্ষার্থীদেরকে অত্যাধুনিক তথ্য প্রযুক্তির জ্ঞান আহরণ করে নিজেকে সাম্প্রতিওক সময়ের উপযোগী করে গড়ে তোলার আহ্বান জানান ।গতকাল তামুলপুর জেলার গোরেশ্বর কলেজের স্বণজয়ন্তী উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী এই আহ্বান জানান । তিনি বলেন যে ভারতীয় পরম্পরাগত শিক্ষা ব্যবস্থার সঙ্গে আধুনিক ব্যবস্থা সংযোজিত হয়েছে এবং দেশের শিক্ষা ব্যবস্থার পরিবর্তন হয়েছে ।মুখ্যমন্ত্রী বলেন যে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং আধুনিক প্রযুক্তি সমুহ জ্ঞান আহরণের যাত্রাকে অধিক ত্বরান্বিত করে তুলেছে ।

---------------------------------------------------------------------------------------

পঞ্চদশ অর্থ কমিশনের পরামর্শ অনুযায়ী কেন্দ্রীয় সরকার ২০২৫-২৬ অর্থ বছরে অসম সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির গ্রামীন স্থানীয় সংস্থাগুলিকে দু হাজার একশ ১৫ কোটী টাকার অনুমোদন দিয়েছে । পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন মন্ত্রনালয় জানিয়েছে যে আসামের জন্য এক হাজার ২৮৩ কোটী টাকার তহবিল ঘোষনা করা হয়েছে । এদিকে অরুনাচল প্রদেশ ১৮৫ কোটী , মণিপুর ১৪২ কোটী , মেঘালয় একশ ৪৬ কোটী , মিজোরাম ৭৪ কোটী , নাগাল্যান্ড ৯৯ কোটী , সিকিম ৩৩ কোটী এবং ত্রিপুরার জন্য ১৫৩ কোটী টাকার তহবিল ঘোষণা করা হয়েছে।

---------------------------------------------------------------------------------------

আসাম মিজোরাম সীমান্তবর্তী ভাইরেংটি - লায়লাপুর এলাকায় কাউন্টার ইনসার্জেন্সি এন্ড জঙ্গল ওয়ারফেয়ার ( সি আই জে ডব্লিউ ) স্কুল সম্প্রসারণের জন্য জমি অধিগ্রহণের বিষয় নিয়ে গতকাল কোলাসিব ও কাছাড় জেলা প্রশাসনের মধ্যে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে । ভাইরেংটির সি আই জে ডব্লিউ স্কুল প্রাঙ্গনে

অনুষ্ঠিত এই বৈঠকে অংশগ্রহণ করে কাছাড়ের জেলআ আয়ুক্ত মৃদুল যাদব উভয় রাজ্য ও কেন্দ্রীয় সংস্থাগুলোর মধ্যে সমন্বয়ের ওপর জোড় দেন । বৈঠকে স্থানীয় জনসাধারণের স্বার্থ রক্ষার পাশাপাশি প্রশাসনিক প্রক্রিয়া মেনে যৌথভাবে প্রয়োজনীয় জমি চিহ্নিত ও সমিক্ষা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় । বৈঠকে কোলাসিব ও কাছাড় জেলার রাজস্ব ও বন দপ্তরের আধিকারীকরা , গুয়াহাটী প্রতিরক্ষা এস্টেট অফিস ও সি আই জে ডব্লিউ স্কুলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

উত্তরপূর্ব সীমান্ত রেলের লামডিং - বদরপুর পাহার রেল লাইনের মুপা - দিহাখো ষ্টেশনের মধ্যে গত সোমবার সকালে সংঘঠিত ভূমিধ্বসের ফলের ১২ টি ট্রেনের যাত্রা আগামী ১২ জুলাই পর্যন্ত পুনরায় বাতিল করা হয়েছে ।আটটি ট্রেনের যাত্রা আংশিকভাবে বাতিল করা হয়েছে ।যাত্রীদেরকে যাত্রার পূর্বে ট্রেনের স্থিতি সম্পর্কে পরীক্ষা করে দেখার এবং সেই অনুযায়ি পরিকল্পনা করার অনুরোধ জানানো হয়েছে । উত্তরপূর্ব সীমান্ত রেল যাত্রীদেরকে বিভিন্ন সংবাদ মাধ্যম ও সংহত যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে এই সম্পর্কে গ্রহণ করা পদক্ষেপের বিষয়ে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করেছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগমের নব নিযুক্ত কমিশনার সৃষ্টি সিংহ , ডেপুটি পৌর কমিশনার নরোত্তম শর্মা সহ গুয়াহাটী থেকে আগত উচ্চ পদস্থ আধিকারীকদের একটি দল শিলচর প্রগতিশীল নাগরিক সমন্বয় মঞ্চের প্রতিনিধিদের নিয়ে আজ তারাপুর , মালুগ্রাম এলাকার জমাজল ও আর্বজনা পরিষ্কারের বিষয়গুলি খতিয়ে দেখেন । পৌর নিগম আয়ুক্ত জানান যে তারাপুর এলাকায় আগামী দু- দিনের মধ্যে সাফাই অভিযান শুরু করা হবে । পৌর নিগম কমিশনারের সঙ্গে আজ মঞ্চের পক্ষে ধ্রুব কুমার সাহা , বাসুদেব শর্মা , আশু পাল প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক , শারিরীক ও শৈক্ষিক বিকাশের লক্ষ্যে আজ থেকে হাফলং-এর সরকারী বালক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ১০ দিনের গ্রীষ্মকালীন কর্মশালা শুরু হয়েছে । রাজ্যের ক্রীড়া ও যূব কল্যান মন্ত্রী নন্দিতা গারলোসা এই কর্মশালার উদ্বোধন করে বলেন যে এই ধরনের অনুষ্ঠান যূব মনকে অনুপ্রেরনা যোগায় । আজকের উদ্বোধনী অনুষ্টানে জেলা আয়ুক্ত সীমান্ত কুমার দাস সহ শিক্ষা ও সাংস্কৃতিক বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

১৩৪ বছরে পদার্পন করা দেশের ঐতিহাসিক ফুটবল প্রতিযোগিতা ডুরান্ড কাপের তিনটি ট্রফী আজ শিলংয়ে নিয়ে আসা হয় । এ উপলক্ষে আজ শিলংয়ে অনুষ্ঠিত এক বৈঠকে মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড কে সাংমা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।মুখ্যমন্ত্রী শ্রী সাংমা ডুরান্ড কাপকে স্বাগত জানানো সহ শিলংয়ে দ্বিতীয় বারের জন্য ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতা আয়োজনের জন্য নির্বাচিত করায় সশস্ত্র বাহিনীকে ধন্যবাদ জানান । উল্লেখ্য আগামী ২৩ শে জুলাই থেকে দেশের ৫ টি রাজ্যে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ।এর মধ্যে গ্রুপ ই-র ৬ টি খেলা সহ নক আউট পর্যায়ের দুটি খেলা শিলংয়ে অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------------------